

Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 15 May, 2025

ময়মনসিংহে অবস্থিত সাবেক বিরোধী দলীয় নেত্রী বেগম রওশন এরশাদ'র পৈত্রিক বাড়ি 'সুন্দর মহলে' রেস্টুরেন্ট করার প্রতিবাদে হামলা ও নির্মিনাধীন বাণিজ্যিক স্থাপনা ভাংচুর করেছে বৈষম্যবিরোধী ছাত্রদের আন্দোলনের নেতাকর্মীরা।

বৃহস্পতিবার (১৫ মে) দুপুরে নগরীর টাউন হল এলাকায় জাতীয় পার্টির চেয়ারম্যান বেগম রওশন এরশাদের পৈত্রিক বাড়ি সুন্দর মহলে এই ঘটনা ঘটে। এসময় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের একটি দল সেখানে হামলা চালিয়ে নির্মিনাধীন স্থাপনা ভাংচুর ও পুরোনো বাড়িটির ভেতরের আসবাবপত্র ভাংচুর করে।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতারা জানান, ৫ আগস্ট পরবর্তী সময়ে রওশন এরশাদের পৈত্রিক বাড়িকে 'দলাল মহল' হিসেবে চিহ্নিত করা করে সাইনবোর্ড টানানো হয়েছিল। কিন্তু সম্প্রতি এ বাড়িতে 'কুটুম বাড়ি' নামে একটি রেস্টুরেন্টের মালিক বজলুর রহমান ১২ বছরের জন্য ভাড়া নিয়েছেন রওশন এরশাদের পরিবারের সদস্যদের কাছ থেকে। সেখানে স্থাপনা নির্মাণের কাজও শুরু হয়।

এ নিয়ে গত ২৩ এপ্রিল বাড়িটির সামনে মানববন্ধন করে বাণিজ্যিক ভবন না করার দাবি জানিয়ে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপিও দিলেও প্রশাসন কোনো পদক্ষেপ নেয়নি। ওই অবস্থায় বৃহস্পতিবার বেলা পৌনে ২ টার দিকে সেখানে হামলা চালায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতারা।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ময়মনসিংহ মহানগর শাখার যুগ্ম সদস্য সচিব ওয়ালিদ আহমেদের নেতৃত্বে একটি দল সেখানে গিয়ে স্থাপনা ভাংচুর ও পুরোনো ভবনের বিভিন্ন কক্ষে ভাংচুর করে আসাবপত্র ভাংচুর করা হয়।

কুটুম বাড়ি রেস্টুরেন্টের মালিক বজলুর রহমানের শ্যালক আহসানুল করীম জানান, বৈষম্যবিরোধী আন্দোলনের ছাত্ররা হামলা চালিয়ে এ ভাংচুর চালায়। দালাল মহল আখ্যা দিয়ে রওশন এরশাদের পৈত্রিক বাড়ি হওয়ার কারণে এখানে ভাংচুর করা হয়েছে।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ময়মনসিংহ মহানগর শাখার যুগ্ম সদস্য সচিব ওয়ালিদ আহমেদ বলেন, দালাল মহলকে বাণিজ্যিক ভবন বানানোর পায়তারা হওয়ায় সেটি বন্ধের জন্য জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি দিলেও সেটি বন্ধ হয়নি। ওই অবস্থায় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা সেখানে গিয়ে স্থাপনা ভেঙে দিয়েছে।

কোতোয়ালি মডেল থানার পরিদর্শক (তদন্ত) সাইফুল ইসলাম বলেন, রওশন এরশাদের বাড়িতে রেস্টুরেন্ট নির্মাণ কাজ চলায় বৈষম্যবিরোধী ছাত্ররা ভাংচুর চালায়। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়।

ময়মনসিংহের জেলা প্রশাসক (ডিসি) মুফিদুল আলম বলেন, বাড়িকে ঘিরে ছাত্র-জনতার ক্লোভ থাকায় সেখানে কোনো বাণিজ্যিক স্থাপনা না করাই উচিত। বিষয়টি নিয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন হামলা ভাংচুর রওশন এরশাদ

URL: <https://timestodaybd.com/mymensingh/7758072533>